“হে আল্লাহ! আমাকে ক্ষমা করুন, আমার প্রতি দয়া করুন এবং আমাকে সর্বোচ্চ বন্ধুর সঙ্গ পাইয়ে দিন।”

আয়েশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আমার গায়ে হেলান দেওয়া অবস্থায় বলতে শুনেছি, “হে আল্লাহ! আমাকে ক্ষমা করুন, আমার প্রতি দয়া করুন এবং আমাকে সর্বোচ্চ বন্ধুর সঙ্গ পাইয়ে দিন।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মৃত্যু যখন ঘনিয়ে আসল, তিনি আয়েশা রাদিয়াল্লাহু আনহার দেহে হেলান দেওয়া অবস্থায় তার রবের কাছে দো‘আ করছিলেন যে, তাকে যেন সর্বোচ্চ বন্ধুর সঙ্গ পাইয়ে দেন। আর তারা হলো, নবীগণ, সিদ্দীকগণ, শহীদগণ এবং নেক বান্দাগণ।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5472